ISO 9001:2015

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর

যোগাযোগঃ
টেলফোনঃ ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইলঃ chandpurpbs2@gmail.com
Website: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০১.০১৩.২৬. ৩৫৬১

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

"জমি ক্রয়ের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতায় নিম্নোক্ত '০৩ (তিন)টি বৈদ্যুতিক উপকেন্দ্র' নির্মাণের লক্ষ্যে নিম্নবর্ণিত এলাকায় সমিতির নিজস্ব অর্থায়নে জমি ক্রয় করা হবে। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত এলাকায় জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে বিস্তারিত তথ্যাদি সহকারে দরপত্র/আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র. নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম, ধরণ এবং ক্ষমতা	জমির পরিমাণ	উপজেলা ও জেলার নাম	জমির অবস্থান
১	২	৩	৪	৫
০১	ফরিদগঞ্জ-৩ (গৃদকালিন্দিয়া), ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ ইনডোর উপকেন্দ্র।	৪৫ শতাংশ	ফরিদগঞ্জ, চাঁদপুর	গৃদকালিন্দিয়া মৌজা বা এর আশেপাশের এলাকায় প্রশস্ত পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।
০২	মতলব উত্তর-৩ (বাগানবাড়ি), ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ ইনডোর উপকেন্দ্র।	৪৫ শতাংশ	মতলব উত্তর, চাঁদপুর	বদরপুর মৌজা বা এর আশেপাশের এলাকায় প্রশস্ত পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।
০৩	চাঁদপুর-৪ (নানুপুর), ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ ইনডোর উপকেন্দ্র।	৪৫ শতাংশ	চাঁদপুর সদর, চাঁদপুর	নানুপুর মৌজা বা এর আশেপাশের এলাকায় প্রশস্ত পাকা রাস্তা সংলগ্ন স্থানে জমির অবস্থান হতে হবে।

প্রযোজ্য শর্তাবলী:

০১। বর্ণিত বর্ণনানুযায়ী প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য ৪৫ (পঁয়তাল্লিশ) শতাংশ জমি (উল্লেখ্য যে, জমির পরিমাণ কম/বেশি হতে পারে) উল্লিখিত স্থানে (কলাম-৫ এ বর্ণিত) এবং বৈদ্যুতিক লোড সেন্টার/লোড সেন্টারের কাছাকাছি হতে হবে।

০২। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য একটি দাগে বর্ণিত পরিমাণ জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন।

০৩। যে বৈদ্যুতিক উপকেন্দ্রের জন্য জমি বিক্রয়ের দরপত্র/আবেদন দাখিল করবেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪। বিক্রয়তব্য জমি অবশ্যই নিষ্কণ্টক হতে হবে। দরপত্র/আবেদনের সাথে জমির দৈর্ঘ্য ও প্রস্থ এবং প্রতি শতাংশ জমির একক মূল্য (টাকায়) ও জমির মোট পরিমাণের হিসেবে সর্বমোট মূল্য (টাকায়) উল্লেখসহ জমির দলিলের ফটোকপি; সিএস, এসএ, আরএস এবং বিএস (প্রস্তাবিত) পর্চা/খতিয়ান- এর ফটোকপি; জমির নামজারির ফটোকপি; সর্বশেষ খাজনা/ভূমি কর পরিশোধের ফটোকপি; বায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌজা ম্যাপ এর ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।

০৫। বিক্রয়তব্য জমির বিপরীতে প্রযোজ্য দর দাখিল পরবর্তী চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নির্ধারিত জমি ক্রয় কমিটি কর্তৃক জমির ক্রয়ের নির্ধারিত গাইডলাইন অনুসরণ করতঃ জমির মালিক/মালিকগণের সাথে দাখিলকৃত দর কমানোর ক্ষেত্রে প্রযোজ্য নেগোসিয়েশন সম্পন্ন করবেন এবং যৌক্তিক দর নির্ধারণ করবেন। এক্ষেত্রে, জমির মালিক/মালিকগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৬। নিয়মানুযায়ী প্রযোজ্য যাচাই-বাছাই সম্পন্ন করতঃ ক্রয়ের জন্য নির্ধারিত জমির মূল্য জমির মালিক/মালিকগণের নামে 'একাউন্ট পেয়ী চেকের' মাধ্যমে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হবে এবং সরকারী নিয়মানুযায়ী জমি রেজিস্ট্রেশন বাবদ যাবতীয় ব্যয় ক্রেতা অর্থাৎ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক বহন করা হবে। **তবে সরকারী নিয়মানুযায়ী বিক্রয়তব্য জমির মূল্যের বিপরীতে প্রযোজ্য 'উৎসে কর' জমির মালিক/মালিকগণকে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।**

এমতাবস্থায়, বর্ণিত এলাকা সমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে অথবা আগ্রহী প্রতিষ্ঠানকে 'আগামী ১০/১২/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে' প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতঃ "সিনিয়র জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর" বরাবর দরপত্র/আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য "সিনিয়র জেনারেল ম্যানেজার- এর কার্যালয়, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর" এই ঠিকানায় স্বশরীরে যোগাযোগ করা যাবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল নং-০১৭৬৯-৪০০০৯৮ [ডিজিএম (সদর-কারিগরী)] ও ০১৭৬৯-৪০৭৩৯৬ [এজিএম (প্রশাসন)] এ যোগাযোগ করা যাবে।

১৫/১১/২৬
(মোঃ আতিকুজ্জামান চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক, চাঁদপুর।
০৪। পুলিশ সুপার, চাঁদপুর।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত/এলজিইডি, চাঁদপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, চাঁদপুর।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.....পবিস ১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,জেলা-চাঁদপুর।
১০। ডিজিএম, ফরিদগঞ্জ/মতলব দক্ষিন/মতলব উত্তর জোঃঅঃ/কারিগরী(সদর),চাঁদপুর পবিস-২।
১১। এজিএম, আইটি/অর্থ-হিসাব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, চাঁদপুর পবিস-২।
১২। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
১৩। মেসার্স----------।
১৪। নোটিশ বোর্ড।

১৫/১১/২৬
(মোঃ আতিকুজ্জামান চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার